

রোববার খুলছে প্রাথমিক বিদ্যালয়

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০২ মে ২০২৪, ১২:১৩



ছবি: সংগৃহীত

UNIBOTS

সারাদেশে চলমান তাপপ্রবাহের কারণে উচ্চ আদালতের নির্দেশে আজ (বৃহস্পতিবার) পর্যন্ত দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ। তবে রোববার (৫ মে) থেকে খুলছে প্রাথমিক বিদ্যালয়। বৃহস্পতিবার (২ মে) প্রাথমিক

ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব ফরিদ আহম্মদ এ তথ্য নিশ্চিত করেছেন।

 **দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন**

সারাদেশে চলমান তাপপ্রবাহের মধ্যেও গত রোববার (২৮ এপ্রিল) থেকে প্রাথমিক বিদ্যালয়গুলো খুলে দেওয়া হয়। তখন ক্লাসের সময় কমিয়ে এনে কয়েকটি শর্ত দিয়ে বিজ্ঞপ্তিও জারি করা হয়। তবে পরের দিন সোমবার হাইকোর্ট দেশের সব প্রাথমিক, মাধ্যমিক স্কুল ও মাদ্রাসার ক্লাস বন্ধের নির্দেশ দেন। পরে মন্ত্রণালয় থেকে সারা দেশের প্রাথমিক বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়।

রোববার স্কুল খোলার পর বিজ্ঞপ্তিতে যেসব নির্দেশনা দেওয়া হয়-

এক শিফটে পরিচালিত বিদ্যালয়গুলো প্রতিদিন সকাল ৮টা থেকে বেলা সাড়ে ১১টা পর্যন্ত চলবে।

দুই শিফটে পরিচালিত বিদ্যালয়গুলোয় প্রথম শিফট সকাল ৮টা থেকে সকাল সাড়ে ৯টা এবং দ্বিতীয় শিফট সকাল পৌনে ১০টা থেকে থেকে বেলা সাড়ে ১১টা পর্যন্ত চলবে।

তাপ প্রবাহ সহনীয় পর্যায়ে না আসা পর্যন্ত অ্যাসেম্বলি (প্রাত্যহিক সমাবেশ) বন্ধ থাকবে।

উপজেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্টদের নিয়ে শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য প্রাথমিক শিক্ষা অধিদফতর হতে প্রেরিত রুটিন বিবেচনায় নিয়ে উপজেলা ভিত্তিক শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য সাপ্তাহিক রুটিন প্রণয়ন করবেন।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রাক-প্রাথমিক শ্রেণির কার্যক্রম বন্ধ থাকবে।

ইত্তেফাক/জেডএইচ